

জেলা পর্যায়ে ইনোভেশন সভার কার্যবিবরণী

- সভাপতি : জনাব, মুনতাসির জাহান, অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- সভার তারিখ ও সময় : ১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. সকাল: ১১.০০ ঘটিকা।
- সভার স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” এ প্রদর্শিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি প্রজ্ঞাপন নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩.-১৮ এর আলোকে সভায় এ জেলার কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত এবং সহজীকরণের লক্ষ্যে জেলা পর্যায়ে ইনোভেশন টিম কর্তৃক মতামত আহ্বান করেন। উপস্থিত সদস্যবৃন্দ নিম্নবর্ণিত বিষয়ের উপর কার্যক্রম গ্রহণের নিমিত্ত মত ব্যক্ত করেন।

ইনোভেশন টিম কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	খাগড়াছড়ি পার্বত্য জেলার ০৯ টি উপজেলার বাসিন্দাদের বিভিন্ন দাপ্তরিক কার্যক্রমে “জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্র” প্রয়োজন। এ সনদপত্রটি গ্রহণের জন্য দুর্গম পার্বত্যাক্ষলের মানুষকে খাগড়াছড়ি জেলা সদরে এসে আবেদন এবং সনদপত্র গ্রহণ করতে হয়। এতে করে সেবা প্রত্যাশীদের কয়েকবার জেলা প্রশাসকের কার্যালয়ে উপস্থিত হতে হয়। ফলশ্রুতিতে যাতায়াত সংক্রান্ত সময় এবং ব্যয় বৃদ্ধি পাওয়ায় জনগন তার কাঙ্ক্ষিত সেবা হতে বঞ্চিত হচ্ছে। খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের সুবিধার্থে জেলা প্রশাসনের ইনোভেশন কার্যক্রমের আওতায় উক্ত কার্যক্রমটি অনলাইন করা প্রয়োজন।	খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের সুবিধার্থে জেলা প্রশাসনের ইনোভেশন কার্যক্রমের আওতায় উক্ত কার্যক্রমটি অনলাইন প্রক্রিয়া নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২	প্রকৃতির অপার সৌন্দর্যের লীলাভূমি এবং প্রকৃতি রানী খাগড়াছড়ি পার্বত্য জেলাতে বিদেশী পর্যটকদের প্রতিনিয়ত আগমন ঘটছে। দুর্গম পাহাড়ী অঞ্চলে বিদেশী পর্যটকদের নিরাপত্তার জন্য জেলা প্রশাসন, খাগড়াছড়ি কর্তৃক প্রবেশ অনুমতি গ্রহণ প্রয়োজন যা জেলা প্রশাসকের কার্যালয়ে হতে প্রদান করা হয়। এ ক্ষেত্রে দ্রুত অনুমতি প্রদানে নানা রকম জটিলতা সৃষ্টি হয়। বিদেশী পর্যটকদের সুবিধার্থে জেলা প্রশাসনের ইনোভেশন কার্যক্রমের আওতায় উক্ত কার্যক্রমটি অনলাইন করা প্রয়োজন।	অনলাইন পদ্ধতিতে বিদেশী পর্যটকদের অনুমতির আবেদন গ্রহণ এবং অনুমতি প্রদান নিশ্চিত করতে হবে।	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০৩	খাগড়াছড়ি পার্বত্য জেলার ০৯ টি উপজেলার জনসাধারণের জমি বিক্রি/জমির মালিকানা বন্টনের বিষয়ে ওয়ারিশ সনদের প্রয়োজন হয়ে থাকে। দুর্গম পাহাড়ী এলাকা জেলা প্রশাসকের কার্যালয়ে এসে আবেদন	অনলাইন পদ্ধতিতে ওয়ারিশ সনদের আবেদন গ্রহণ এবং	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) খাগড়াছড়ি



	করা কষ্টসাধ্য ও ব্যয় সাপেক্ষ। এ বিষয়ে দ্রুত সময়ের মধ্যে সেবা প্রদানের লক্ষ্যে আবেদন সমূহ অনলাইনে গ্রহন করা হলে জেলা প্রশাসনের জনসেবামূলক কার্যক্রম গুলো ত্বরিত গতিতে বৃদ্ধি পাবে।	সনদ প্রদান নিশ্চিত করতে হবে।	পার্বত্য জেলা।
০৪	দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য জেলা প্রশাসকের কার্যালয়ে দৈনন্দিন প্রচুর পরিমাণ স্টেশনারি দ্রব্যাদি প্রয়োজন পড়ে। ইনভেন্টরি লিস্ট না থাকায় স্টেশনারি পণ্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা এবং বাজেটের সর্বোত্তম ব্যবহার সম্ভব হচ্ছে না। কাজের ক্ষেত্রে জবাবদিহিতা এবং কর্মদক্ষতা বৃদ্ধির জন্য ইনভেন্টরি লিস্ট প্রণয়ন করা প্রয়োজন।	প্রশাসনিক জবাবদিহিতা স্বচ্ছতা ও কর্মদক্ষতা বৃদ্ধির জন্য ইনভেন্টরি লিস্ট প্রণয়ন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) খাগড়াছড়ি পার্বত্য জেলা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Murtey 21/2/20
(মুনতাসির জাহান)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ও
সভাপতি
জেলা ইনোভেশন বাস্তবায়ন কমিটি।

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬০০.০২৭.৯৯.০০২.২৩- ১৫

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি

বিভরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৫। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৬। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৭। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৮। কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১০। প্রোগ্রামার/ সহকারি প্রোগ্রামার (সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১১। সভাপতি/ সাধারণ সম্পাদক খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১২। জনাব
- ১৩। অফিস কপি।

Murtey 21/2/20
অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
খাগড়াছড়ি পার্বত্য জেলা